গাংনীর বাওট বাধাগ্রস্থ বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ঈদ সামগ্রি বিতরণ

মেহেরপুরের গাংনীর বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ের তিন শতাধিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে ঈদ উপহার সামগ্রি বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১১ টার সময় বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয় প্রাঙ্গণে ঈদ উপহার সামগ্রি বিতরণ করা হয়।

রুরাল রিকন্ট্রাকশন সেন্টার(সিআরসি) কর্তৃক আয়োজিত ঈদ সামগ্রি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সোহেল আহমেদ। এসময় সিআরসি ও বিদ্যালয়ের পরিচালক এনামুল হকসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিথ ছিলেন।

প্রতি বছরের ন্যায় এবার ঈদের আগে ঈদ উপহার সামগ্রি পেয়ে খুশিতে বাড়ি ফেরেন প্রতিবন্ধী শিশু ও তার অভিভাবকরা। বিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষার্থীদের মাঝে ঈদ সামগ্রি বিতরণ করা হয়। এসময় বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দরাও উপস্থিত ছিলেন।

গাংনীর মটমুড়া ইউনিয়ন পরিষদের ভিজিএফএর চাউল বিতরণ

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের অসহায় ও হতদরিদ্র মানুষের মাঝে ভিজিএফএর চাউল বিতরন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে চাঊল বিতরণের উদ্বোধন করেন গাংনী উপজেলা

নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে অসহায় মানুষের মাঝে সুষ্ঠ ও সমভাবে চাউল বিতরণের সময় উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ। ইউনিয়নের বিভিন্ন গ্রামের ৭ হাজার ২৬জন উপকারভোগীদের মাঝে সরকারি এই খাদ্য সহায়তা ভিজিএফ বিতরণ করা হবে।

এসময় ইউপি সচিব, ট্যাগ অফিসার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সহকারি শিক্ষা অফিসার আলাউদ্দীন আহম্মেদ, স্থানীয় ইউপি সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে চাউল না দিয়ে কার্ড ছিড়ে দিলেন ডিলার

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সিমা খাতুন নামের এক উপকার ভোগীর সরকারী খাদ্যবন্ধব কর্মসুচির কার্ডে চাউল না দিয়ে কার্ড ছিড়ে টুকরো টুকরো করে দেয়ার অভিযোগ উঠেছে কর্মসুচীর ডিলার আব্দুস সবুর ইলিয়াসের বিরুদ্ধে। গতকাল বুধবার বেলা ১১ টার সময় খাদ্যবান্ধব কর্মসুচীর কার্ডে চাউল উত্তোলনের সময় কার্ড ছিড়ে ফেলার ঘটনা ঘটে। পরে ছেড়া কার্ডের টুকরোগুলোও সযত্নে গুছিয়ে নিয়ে চোখ মুছতে মুছতে বাড়ি ফেরেন অসহায় নারী সিমা খাতুন।

সিমা খাতুন গাংনী উপজেলার কাথুী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের মৃত মাহাবুলের স্ত্রী।

সিমা খাতুনের অভিযোগে জানাগেছে, আমার স্বামী একমাত্র উপার্জনের ভরসা ছিল। ছোট ছোট ছেলে মেয়ে নিয়ে কোন রকমে সংসার চলতো। এর মধ্যে অসুস্থতার কারনে আমার স্বামী মারা যায়। বিষয়টি জেনে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাকে খাদ্যবান্ধব কর্মসুচির একটি কার্ড করে দেন। সেই কার্ডেও চাউল নিয়ে কোন রকমে আমার ছেলে মেয়েদের খাবার জোগায়।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা ইশরাত জাহান জানান, ডিলার যদি কোন উপকার ভোগীর কার্ড ছিড়ে ফেলে সেটি কঠিন অপরাধ। বিষয়টি ক্ষতিয়ে দেখে ডিলঅরের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু জানান, সিমা খাতুন নামের একজন নারী আমার কাছে এসে ডিলারের বিরুদ্ধে কার্ড ছিড়ে দেয়ার অভিযোগ করেছেন। আমি তাৎক্ষণিক স্থানীয় চেয়ারম্যান সাহেবকে বিষয়টি তদন্ত করে লিখিত প্রতিবেদন দিতে বলেছি। প্রতিবেদন পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে মাটি বহনকারির জরিমানা

মেহেরপুরের গাংনীতে গ্রামীণ সড়কে ভারী যানবাহন চালিয়ে মাটি পরিবহন করায় মোঃ কালু মিয়া নামের একজনকে বিশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। কালু মিয়া আলমডাঙ্গা থানার উসলামপুর গ্রামের আব্দুস সালামের ছেলে।

বুধবার বেলা ১১ টার সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম।

আদালত পরিচালনা কারি নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম জানান, গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের বেতবাড়িয়া গ্রামে মাটি কেটে ভাটায় নিয়ে যাচ্ছে এমন অভিযোগ প্রমাণিত হওয়ায় ইট প্রস্তত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন, ২০১৩ এর ৫(৪) ও ১৫ ধারায় তাকে জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহায়তা করেন গাংনী থানা পুলিশের একটি টীম।

গাংনীতে আলোর পথে যুব উন্নয়ন সংস্থা’র উদ্যোগে ইফতার মাহফিল

গাংনী উপজেলার আলোর পথে যুব উন্নয়ন সংস্থা’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১২ এপ্রিল) সন্ধ্যায় গাংনী উপজেলার নূর মোহাম্মদ রাবিয়া দারুস উলুম এতিমখানায় এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এসময় আলোর পথে যুব উন্নয়ন সংস্থা’র চেয়ারম্যান এহসান কবির সবুজ এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিদিনের জেলা প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, সংগঠনের সদস্য সচিব মামুন পারভেজ, কার্য নিবার্হী সদস্য সাজ্জাদ হোসেন (সুমন), সাধারণ সদস্য ফিরোজ হোসেন, সাব্বির আহম্মেদ, জয় আহম্মেদ, সাকিব চৌধুরী সহ স্থানীয় গণ্যমান্য কর্মী, ব্যক্তিবর্গ ও এতিমখানার মাওলানা ও শিশুরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৩ ডাকাত সদস্য গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব- সাহারবাটি সড়কে হার্ডওয়্যার ব্যবসায়ী সাদ্দাম হোসেনকে কুপিয়ে মোটরসাইকেল, নগদ টাকা ও মোবাইল ফোন ছিনতাইয়ের ঘটনায় ৩ আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। আসামিদের প্রত্যেকের বিরুদ্ধে ৮ থেকে ৯টি মামলা রয়েছে।

বুধবার দুপুরে মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম তার কনফারেন্স রুমে প্রেস ব্রিফিংয়ে আনুষ্ঠানিকভাবে এ তথ্য নিশ্চিত করেন।

পুলিশ সুপার বলেন, মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে কুষ্টিয়া

জেলার মিরপুর উপজেলার আমলা, গাংনী উপজেলার সাহেবনগর ও সাহারবাটিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার জামালপুর মধ্যপাড়ার রব্বান মন্ডলের ছেলে রবিউল ইসলাম (৩৮), মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের মৃত ফকির মন্ডলের ছেলে মোহাম্মদ নাজির হোসেন (৫৩) ও একই উপজেলার সাহারবাটি গ্রামের রফিকুল ইসলামের ছেলে দুলাল আলী (৩৫)।

তিনি বলেন, গাংনী থানা পুলিশ, জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ও সাইবার ক্রাইম ইউনিট যৌথভাবে অভিযান চালিয়ে ডাকাতি মামলার এই আসামীদের গ্রেফতার করে। আসামিদের প্রত্যেকের বিরুদ্ধে ডাকাতি ও ছিনতাইয়ের ৮ থেকে ৯টি করে মামলা রয়েছে।

তাদের কাছে থেকে ডাকাতি হওয়া মোটরসাইকেল ও ডাকাতি কাজে ব্যবহৃত ২ দেশীয় অস্ত্র হাসুয়া, বাঁশের লাঠি, ও দঁড়ি উদ্ধার করা হয়েছে। এই ডাকাতির ঘটনার সাথে জড়িত অন্য সদস্যদেরও গ্রেফতারের চেষ্টা চলছে বলে জানান পুলিশ সুপার মো: রাফিউল আলম। গ্রেফতারকৃতরা বিজ্ঞ আদালতে ১৬৪ ধারায় জবানবন্দীতে দিতে স্বীকারোক্তি জানিয়েছেন। তাদের আদালতের মাধ্যমে জেলা কারাগারে পাঠানো হয়েছে।

প্রেস ব্রিফিংয়ে অতিরিক্ত পুলিশ সুপার (সার্বিক) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকসহ পুলিশের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ৮ রাত সাড়ে ৯ টার দিকে ব্যবসায়ী সাদ্দাম হোসেন ও তার বন্ধু লাভলু সাহারবাটি থেকে গাড়াডোব বাজারে যাওয়ার পথে হোগলডাঙ্গা মাঠ নামক স্থানে পৌঁছালে একদল ডাকাত তাদের পথ গতিরোধ করে তাদের হাত পা ও মুখ গামছা দিয়ে বেঁধে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে মোটরসাইকেল নগদ টাকা মোবাইল ফোন নিয়ে চলে যায়। পরে স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে গাংনী হাসপাতালে ভর্তি করেন। এ ঘটনায় সাদ্দাম হোসেন বাদী হয়ে একটি মামলা দায়ের করেন।

অনলাইন নিবন্ধন পেল ‘মেহেরপুর প্রতিদিন’

খুলনা বিভাগের জেলা গুলোর মধ্যে প্রথম অনলাইন নিউজ পোর্টাল হিসেবে নিবন্ধন পেল মেহেরপুর প্রতিদিন (www.meherpurpratidin.com) ।

আজ বুধবার ১২ এপ্রিল তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রেস ১ শাখার উপসচিব মুহাম্মদ মকবুল হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে। যার স্মারক নম্বর-১৫.০০.০০০০.০১৯.২২.০১৯.২২-১০৩।

একই বিজ্ঞপ্তিতে ঢাকা থেকে প্রকাশিক ‘প্রতিদিনের বাংলাদেশ’ ও ‘দৈনিক যায় যায় কাল’ নামের দুটি অনলাইনও নিবন্ধন পেয়েছে।

নিবন্ধন পেয়ে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, মেহেরপুর প্রতিদিনের প্রিন্ট ভার্সন মেহেরপুরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পাঠকপ্রিয়তা অর্জন করেছে তার বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে। একই ভাবে আজ আমরা অনলাইনের নিবন্ধন পেলাম। এখন থেকে মেহেরপুর প্রতিদিন অনলাইন ভার্সনও নতুন মাত্রা যোগ হবে।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস বলেন, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনপ্রিয় দৈনিক মেহেরপুর প্রতিদিন খুলনা বিভাগের জেলা গুলোর মধ্যে প্রথম অনলাইন নিউজ পোর্টাল হিসেবে নিবন্ধন পেলো। পত্রিকাটির অনলাইন মাধ্যমও পাঠকের কাছে জনপ্রিয় হয়ে উঠবে বলে প্রত্যাশা করি।

ঐতিহাসিক মুুজিবনগর দিবস উদযাপনে উপজেলা আওয়ামীলীগের

প্রস্তুতি সভা

আগামী ১৭ ই এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস।দিবসটি যথাযোগ্য মর্যাদার সহিত উদযাপনে প্রস্তুতিমূলক সভা করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

গতকাল মঙ্গলবার বিকেলে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে মুুজিবনগর উপজেলা পরিষদ অডিটরিয়ামে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

মুুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে প্রস্তুতি সভায় ভার্চুয়ালী প্রধান অতিথি হিসাবে ছিলেন, জেলা আওয়ামীলীগের সভাপতি এবং মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি।

প্রস্তুতি সভায় আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড: ইব্রাহীম শাহীন, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু,,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগ সভাপতি মজিবুর রহমান মধু, মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু,উপজেলা যুব মহিলা লীগ সভাপতি তকলিমা খাতুন, সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজীব, যুবলীগ নেতা হাসানুজ্জামান লাল্টুসহ উপজেলা আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীবৃন্দ।

মেহেরপুরে শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি

গতকাল মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয় চত্বরে শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করা হয়।

শক্তি ফাউন্ডেশন প্রতিষ্ঠার ৩১ বছর পদার্পণ উপলক্ষে দেশের ৫৫ টি

জেলা প্রশাসক কার্যালয় চত্বরে ৫০টি করে গাছ লাগানোর পরিকল্পনা গ্রহণ করে।

উক্ত পরিকল্পনা অংশ হিসেবে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয় চত্বরে গাছ লাগানোর মধ্য দিয়ে সবুজায়ন কার্যক্রমের উদ্যোগ নেওয়া হয়।

শক্তি ফাউন্ডেশনের ৩১ বছর পদার্পণ উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল, শক্তি ফাউন্ডেশনের প্রধান কার্যালয় থেকে লিপি রানী সাহা, মেহেরপুরের এরিয়া সুপারভাইজার মোঃ আলমগীর কবীর এবং শাখা ব্যবস্থাপক শিমুল মিয়া সহ বিভিন্ন সহকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

শক্তি ফাউন্ডেশনের লিপি রানী সাহা বলেন শক্তি ফাউন্ডেশনের ৩১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বাংলাদেশের ৫৫টি জেলায় বিভিন্ন রকমের বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে। ইতিমধ্যে ৩৭ টি জেলায় এই বৃক্ষরোপণ কার্যক্রম শেষ হয়েছে এবং বাকি গুলো পর্যায়ক্রমে পরিচালিত হবে।

তিনি আরো বলেন বর্তমানে আমাদের দেশে জলবায়ুর যে প্রভাব পড়ছে এই প্রভাব প্রতিরোধে এবং প্রতিকারের লক্ষ্যে শক্তি ফাউন্ডেশনের এই উদ্যোগ গ্রহণ।

ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঐতিহাসিক ১৭ এপ্রিল মুজিবনগর দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালের দিকে ২৩ বঙ্গবন্ধু এভিনিউস্থ বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় অফিসে এই প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতু মন্ত্রী ওবায়দুল

কাদের এমপি প্রস্তুতি সভাপতিত্ব করেন।
প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মো: মাহবুবুল আলম হানিফ, যুগ্ম সাধারণ সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দীন নাছিম, খুলনা বিভাগীয় কমিটির সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল, দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া, সহ দপ্তর সম্পাদক আবু সায়েম, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, মেহেরপু-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনসহ আওয়ামীলীগের বিভিন্ন জেলার সভাপতি, সাধারণ সম্পাদকবৃন্দ। এবং সংসদ সদস্যবৃন্দ।

আগামী ১৭ এপ্রিল মেহেরপুর এর মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় উদযাপন ব্যাপারে ওবায়দুল কাদের এমপি বিভিন্ন দিক নির্দেশনা ও পরামর্শ দেন।